

নিয়োগ বিজ্ঞপ্তি

যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নরূপ শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে।
১.	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/-	০২ টি	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং Computer ব্যবহারের ক্ষেত্রে Word Processing, Data Entry ও Typing এ প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ১৫ টি এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০টি শব্দের গতি থাকতে হবে।	ঢাকা বিভাগের- গাজীপুর, ফরিদপুর, কিশোরগঞ্জ জেলা ব্যতিত সকল জেলা, চট্টগ্রাম বিভাগের চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী জেলা ব্যতিত সকল জেলা, খুলনা বিভাগের বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া জেলা ব্যতিত সকল জেলা এবং
২.	গাড়ী চালক ১২,৫০০-৩০,২৩০/-	০১ টি	০৮ শ্রেণি পাস। হালকা অথবা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স প্রাপ্ত এবং অভিজ্ঞ সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	সিলেট বিভাগের হবিগঞ্জ জেলা ব্যতিত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩.	রেকর্ড কীপার ৯,৩০০-২২,৪৯০/-	০২ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) রেকর্ড সংরক্ষণে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।	বাংলাদেশের সকল জেলার শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৪.	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/-	০২ টি	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা বিভাগের সকল জেলা এবং চাঁদপুর ব্যতিত চট্টগ্রাম বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন ফরমে চাহিত তথ্যাদি পূরণপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ১, কাওরান বাজার, টি, সি, বি ভবন (৭ম তলা), ঢাকা বরাবর আবেদন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন ফরমটি ওয়েব সাইট-www.roc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
- ২। আবেদনের সাথে সংযুক্ত করতে হবেঃ
- (ক) নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ১, কাওরান বাজার, টি, সি, বি ভবন (৭ম তলা), ঢাকা অনুকূলে পরীক্ষার ফি বাবদ ২০০ (দুইশত) টাকার পোস্টাল অর্ডার দাখিল করতে হবে।
- (খ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি ৫x৫ সে.মি সাইজের সত্যায়িত ছবি।
- ৩। আবেদনপত্র ডাকযোগে আগামী ০৬/০২/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। ক্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা জনপ্রশাসন মন্ত্রণায় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদন ফরম ব্যতীত অন্য যেকোন আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৫। ০৬/০২/২০১৯ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স অনধিক ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা হবে ৩২ (বত্রিশ) বছর এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা'দের বয়স হবে ৩০ বছর।
- ৬। সরকারী/আধা সরকারী সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান অনুসরণ করা হবে।
- ৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লেখিত তথ্য প্রমাণের পক্ষে মূল সার্টিফিকেটসমূহ ও এক সেট সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) উপস্থাপন করতে হবে।
- ৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(সন্তোষ কুমার পণ্ডিত)

অতিরিক্ত নিবন্ধক (যুগ্ম সচিব)

৮১৮৯৪০৩

